

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং-১৭২-আইন/আয়কর/২০২১- Income tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার ৯ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ২৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২১৪-আইন/আয়কর/২০১৯ এর দফা (ক) এ উল্লিখিত টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপন করিল, যথা:-

ক্রমিক	যানবাহনের বিবরণ	প্রদেয় আয়কর
(১)	(২)	(৩)
(অ)	অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে (রেজিস্ট্রেশনের তারিখ হইতে ১০ (দশ) বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে)	দিবাকালীন যাত্রী পরিবহনের ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ১২৫ টাকা
(আ)	অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে (রেজিস্ট্রেশনের তারিখ হতে ১০ (দশ) বৎসর অতিক্রান্ত হইয়া থাকে)	দিবাকালীন যাত্রী পরিবহনের ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ১০০ টাকা
(ই)	অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কন্টেইনার (মাল্টিপারপাস) বা কোস্টারের ক্ষেত্রে	মালামাল পরিবহনের ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১৭০ টাকা
(ঈ)	অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে	মালামাল পরিবহনের ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১২৫ টাকা।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব

